


বিষয়: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ৫.১ নম্বর অনুচ্ছেদ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।



৩-১১-২০২০

সিস্টেমস এনালিস্ট
আইসিটি শাখা
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬

ইমেইল:

reform_sec@mora.gov.bd

ইউ. ও. নোট নম্বর:


১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.১৫৩

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপসচিব (উন্নয়ন), উন্নয়ন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপসচিব (সমন্বয় ও সংস্কার), সমন্বয় ও সংস্কার অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) অফিস কপি/মাস্টার ফাইল



৩-১১-২০২০

মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর উদ্ভাবনী উদ্যোগ/ধারণা

১। দুঃস্থদের সহায়তার জন্য ডিজিটাল পদ্ধতিতে অনুদান প্রদানঃ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছর দুঃস্থ ব্যক্তিদের পুনর্বাসনে অনুদান প্রদান করা হয়ে থাকে। দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং G2P পদ্ধতিতে উপকারভোগীর ব্যাংক হিসেবে EFT (Electronic Fund Transfer) অথবা মোবাইলে MFS (Mobile Financial Services) এর মাধ্যমে অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। ২০২০ সালের নিবন্ধিত হজ যাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন রিফান্ড সিস্টেমঃ

২০২০ সালের নিবন্ধিত হজযাত্রীদের আবেদনের ভিত্তিতে নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) প্রক্রিয়া সহজিকরণ করা হয়েছে। হজযাত্রী অথবা হজযাত্রী সংশ্লিষ্ট হজ এজেন্সি এই লিংকের মাধ্যমে <https://prp.pilgrimdb.org/refund-reg/new-application> অনলাইনে আবেদনের মাধ্যমে তাঁর হজ-২০২০ এর নিবন্ধন বাতিল করতে পারেন। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে তা অনলাইনেই সুপারিশ এবং মন্ত্রণালয় থেকে অনুমোদনের ভিত্তিতে ব্যাংক তা হজযাত্রী বা সংশ্লিষ্ট হজ এজেন্সির ব্যাংক একাউন্ট EFT/Pay Order এর মাধ্যমে কোনো প্রকার অর্থ কর্তন ব্যতিরেকে প্রদান করে থাকে এবং তা চলমান রয়েছে। এর ফলে একজন হজযাত্রী খুব সহজে তাদের নিবন্ধন বাতিল (নিবন্ধন রিফান্ড) করতে পারছেন এবং সমুদয় অর্থ ফেরত পাচ্ছেন।


ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
নতুন আবেদন / পূর্বের আবেদনের তথ্য সংশোধন

নিবন্ধিত হজযাত্রীর নিবন্ধন বাতিল পুরনো ব্যাংক একাউন্ট অর্থ ফেরত প্রক্রিয়া

হজযাত্রীর ট্র্যাকিং সনদ	ট্র্যাকিং সনদ কি?
১. নিবন্ধন সনদ	১. নিবন্ধন সনদ প্রক্রিয়ায় আবেদনকারী ব্যক্তির নামের সাথে সংশ্লিষ্ট সিস্টেম এন্ট্রি করা হয়েছে।
২. সুপারিশ সনদ	২. 'I am not a robot' টেকসই করা হয়েছে।
৩. অনুমোদন সনদ	৩. হজযাত্রীর নামের সাথে ব্যাংক একাউন্টের বিবরণ প্রদান করা হয়েছে।
৪. অর্থ ফেরত সনদ	৪. অর্থ ফেরত প্রক্রিয়া শুরু হয়েছে।

৩। হজ এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্টঃ

বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির বিস্তারিত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুতের কাজ চলমান রয়েছে। উক্ত সিস্টেমে হজ এজেন্সির স্বাধিকারী/মালিক তার এজেন্সির যাবতীয় তথ্য (ফরম-২৫) পূরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে (ট্রড লাইসেন্স, আয়কর সনদ, সিভিল এভিয়েশন সনদ, অফিস ভাড়া চুক্তিপত্র/মালিকানা দলিল ইত্যাদি) হজ ব্যবস্থাপনা সিস্টেমে সাবমিট করবেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে যাবতীয় ডকুমেন্ট যাচাই-বাছাই করে তা সুপারিশ করবে এবং মন্ত্রণালয়ের একজন অনুমোদনকারী তা অনুমোদন করবেন। এছাড়াও উক্ত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমে এজেন্সির নিবন্ধন/নবায়ন, বিগত বছরগুলোতে হজ কার্যক্রমের তথ্য, প্যাকেজ, শাস্তির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। অধিকন্তু, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি ডাটাবেজের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট ডাটাবেজের আন্তঃসংযোগের (Integration) কার্যক্রম চলমান রয়েছে, যা সম্পন্ন হলে হজ এজেন্সি কতৃক ফরম-২৫ এ প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সির ডাটাবেজ থেকে পাওয়া যাবে।


 ০৬/১১/২০২০
 মহঃ আব্দুর রশিদ মোল্লাহ
 সহকারী সচিব (সংস্কার)